যুগান্তর

তারিখ 2 0 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 6

### ত্রিশাল কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে আহত ৪

**ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি**

ময়মনসিংহের ত্রিশালে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে ৪ ছাত্র আহত হয়েছে। এ সময় গোলাগুলিতে ক্যাম্পাসে আতংক ছড়িয়ে পড়ে। আহতদের চোরখাই কমিউনিটি বেজড মেডিকেল কলেজ (সিবিএমসি) হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিশ্ববিদ্যালয় ও ত্রিশাল থানা পুলিশ সূত্রে জানা যায়, কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান অনিক গ্রুপের ২ কর্মী শুক্রবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের ছাত্র হলের পাশে ময়না দ্বীপে বসে আড্ডা দিচ্ছিল। এ সময় ময়না দ্বীপে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি সাব্বির গ্রুপের কয়েকটি ছেলে বসতে গেলে বসে থাকা অনিক গ্রুপের ছেলেদের সঙ্গে বসা নিয়ে কথা কাটাকাটি ও হাতাহাতি হয়। এ ঘটনাকে কেন্দ্র করে সন্ধ্যার পর সাব্বির গ্রুপের কর্মীরা ক্যাম্পাসের অগ্নিবীনা হলের ১০৮ নং কক্ষে অনিক গ্রুপের কর্মীদের উপর হামলা করে ও ভাংচুর চালায়। এ সময় বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ২য় বর্ষের শিক্ষার্থী ওবায়দুল ও বিপুল আহত হয়। এছাড়া সাব্বির গ্রুপের দু'কর্মী সোহেল ও অনিক আহত হয়। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মাহবুব হোসেন আহত ছাত্রদের উদ্ধার করে সিবিএমসি হাসপাতালে ভর্তি করেন। এ ঘটনায় ক্যাম্পাসে আবার উত্তেজনা ছড়িয়ে পড়লে দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও গোলাগুলির ঘটনা ঘটে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ত্রিশাল থানার অফিসার ইনচার্জ মনিরুজ্জামান জানান—পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।